

★ ★ ★ ★

সেনাবাহিনী প্রধান

সেনাবাহিনী সদর দপ্তর  
ঢাকা সেনানিবাস


## সেনাবাহিনী প্রধানের বাণী

একুশে নভেম্বর বাংলাদেশ সশস্ত্র বাহিনী দিবস। আত্মমর্বাদা, দেশপ্রেম, ত্যাগ ও সংহতির মহান চেতনায় ভাস্বর এই দিনটি আমাদের জাতীয় ইতিহাসের একটি গৌরবময় অধ্যায়। ১৯৭১ সনের এই দিনে আমাদের সেনা, নৌ ও বিমান বাহিনীর অকুতোভয় সদস্যগণ দেশের আপামর মুক্তিকামী জনগণের সাথে ঐক্যবদ্ধভাবে হানাদার পাকিস্তানী বাহিনীর বিরুদ্ধে সমন্বিত আক্রমণ শুরু করে। যার ফলশ্রুতিতে ১৬ ডিসেম্বর ১৯৭১ এ অর্জিত হয় বাঙালির চূড়ান্ত বিজয় এবং বিশ্বের মানচিত্রে বাংলাদেশ নামে একটি স্বাধীন দেশ আত্মপ্রকাশ করে। সে কারনেই একুশে নভেম্বর জাতীয় সশস্ত্র বাহিনী দিবস হিসেবে আমাদের গৌরব ও অনুপ্রেরণার চিরন্তন উৎস হয়ে থাকবে।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির শিতা বহুবন্ধু শেখ মুজিবুর রহমানের উদাত্ত আহ্বানে সাড়া দিয়ে আমাদের সশস্ত্র বাহিনীর সদস্যগণ স্বতঃস্ফূর্তভাবে মাতৃভূমি রক্ষার সশস্ত্র যুদ্ধে অবতীর্ণ হন। মুজিববর্ষের এই মাহেস্তরক্ষেণে সশস্ত্র বাহিনী দিবস-২০২০ তাই আরও বেশী তাৎপর্যপূর্ণ। এই সুরণীয় মুহর্তে আমি মহান মুক্তিযুদ্ধের বীর সেনানীদের গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করছি, যারা আমাদের একটি সুন্দর ভবিষ্যতের জন্য সর্বোচ্চ ত্যাগ স্বীকার করেছিলেন। তাদের অসামান্য অবদানের জন্যই আজ আমরা একটি স্বাধীন ও গর্বিত জাতি হিসেবে পৃথিবীর বুকে মাথা উঁচু করে দাঁড়াতে সক্ষম হয়েছি।

দেশপ্রেমের মহান চেতনায় উজ্জীবিত বাংলাদেশ সশস্ত্র বাহিনী আজ স্বাধীন সার্বভৌম দেশের উপযোগী একটি সক্ষম বাহিনী হিসেবে আত্মপ্রকাশ করেছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনুপ্রেরণা ও পৃষ্ঠপোষকতায় আমাদের সশস্ত্র বাহিনী একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলার সর্বদা প্রস্তুত রয়েছে। পৃথিবীর বিভিন্ন প্রান্তে সংকটময় ও প্রতিকূল পরিস্থিতিতে শান্তিরক্ষা কার্যক্রম থেকে শুরু করে দেশের অভ্যন্তরে কোভিড-১৯ মহামারী মোকাবেলাসহ আমাদের সশস্ত্র বাহিনী নিরলসভাবে মানবতার কল্যাণে কাজ করে যাচ্ছে। আমাদের সশস্ত্র বাহিনী মূলতঃ এ দেশেরই বৃহত্তর সমাজের অংশ। তাই, প্রতিকূলতার বিরুদ্ধে লড়াই করে আত্মমর্বাদা সম্মুখত রাখার সক্ষমতা আমাদের সহজাত। দেশ ও মানুষের নিরাপত্তা রক্ষায় বাংলাদেশ সশস্ত্র বাহিনী অঙ্গীকারাবদ্ধ।

পরিশেষে মহান এ দিবসে আমি বাংলাদেশ সশস্ত্র বাহিনীর উত্তরোত্তর উন্নতি, সমৃদ্ধি ও সর্বাঙ্গীণ সাফল্য কামনা করছি। সর্বশক্তিমান আল্লাহ্‌তায়ালা আমাদের সকলের সহায় হউন।

  
আজিজ আহমেদ  
জেনারেল  
সেনাবাহিনী প্রধান